



২০ আগস্ট, ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

নিরাপদ সড়কের দাবিতে শিক্ষার্থীদের আন্দোলনে ফেসবুকে স্ট্যাটাস দেয়ার অভিযোগে অন্তঃসত্ত্বা স্কুল শিক্ষিকার অন্তর্বর্তীকালীন জামিন প্রদান

আজ ২০শে আগস্ট নিরাপদ সড়কের দাবিতে শিক্ষার্থীদের আন্দোলনে ফেসবুকে স্ট্যাটাস দেয়ার অভিযোগে অন্তঃসত্ত্বা নারী এবং স্কুল শিক্ষিকা অন্তর্বর্তীকালীন জামিনে মুক্তি পেয়েছেন। গত ১৯ আগস্ট ২০১৮ ইং তারিখ, মহামান্য হাইকোর্ট বিভাগ আবেদনকারীকে কেন জামিনে মুক্তি দেয়া হবে না এই মর্মে কারণ দর্শানো নোটিশ দিয়ে একটি রুল ইস্যু করেন। আদেশে আরো বলা হয় যে, আবেদনকারী একজন অন্তঃসত্ত্বা নারী এবং স্কুল শিক্ষিকা - এ বিষয়টি বিবেচনায় এনে রুলটির নিষ্পত্তি হওয়ার পূর্ব পর্যন্ত আবেদনকারীকে অন্তর্বর্তীকালীন জামিন প্রদান করা হয়।

উল্লেখ্য যে, নিরাপদ সড়কের দাবিতে স্কুল কলেজের শিক্ষার্থীদের চলা আন্দোলনে ফেসবুকে স্ট্যাটাস দেয়ার অভিযোগে গত ৪ আগস্ট ২০১৮ তারিখ দিবাগত রাত ১টায় অন্তঃসত্ত্বা স্কুল শিক্ষিকাকে গ্রেফতার করা হয়। তিনি একটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষিকা। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) আইনের ৫৭ ধারায় ওই শিক্ষিকার বিরুদ্ধে মামলা করে পটুয়াখালীর কলাপাড়া থানা পুলিশ। পরে আদালতের মাধ্যমে তাকে জেলহাজতে পাঠানো হয়। গ্রেফতার হওয়া শিক্ষিকা পটুয়াখালীর বাসিন্দা। কলাপাড়ার বিচারিক হাকিম আদালতে পুলিশ ওই শিক্ষিকার বিরুদ্ধে সাতদিনের রিমান্ড আবেদন করে। কিন্তু গ্রেফতার শিক্ষিকা অন্তঃসত্ত্বা হওয়ায় মানবিক দিক বিবেচনা করে দুদিন তাকে জেলগেটে জিজ্ঞাসাবাদের আদেশ দেন আদালত কিন্তু জামিন নামঞ্জুর করেন। সেশন আদালতও জামিন নামঞ্জুর করেন। তিনি ১৪ দিন যাবত কারাগারে আটক আছেন।

পরবর্তীতে, সোনিয়ার পক্ষে তার পিতা এবং তার স্বামী ব্লাস্টে আইনগত সহায়তার আবেদন করেন। আবেদনকারীর পক্ষে মামলাটি শুনানী করেন ব্যারিস্টার সারা হোসেন। তার সাথে ছিলেন এডভোকেট আবু ওবায়দুর রহমান এবং এডভোকেট শারমিন আক্তার। রাষ্ট্র পক্ষে ছিলেন ডি.এ.জি বিশ্বজিৎ রায়।

বার্তা প্রেরক

উপ পরিচালক, এডভোকেসি এন্ড কমিউনিকেশন

ই মেইল :mahbuba@blast.org.bd